# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 OCTOBER 2025　　　　　　　　7:45—7:55 PM**

---

এস আই টি'র আধিকারিকদের সেদেশের পুলিশের সঙ্গে আলোচনা/ বাক্সার ঘটনায় আহত দুজনের চিকিৎসার জন্য দুলক্ষ টাকা করে প্রদান/

(২) রাজ্যের বিভিন্ন স্থানে আজ পুলিশ স্মৃতি দিবস পালন/

(৩) দীপাবলীর রাত্রে গতকাল শ্রীভূমি শহরে দুটি অগ্নিকান্ড সংঘটিত/ উধারবন্দে সড়ক দুর্ঘটনায় এক যুবকের মৃত্যু/

এবং

(৪) বরাক উপত্যকার সাহিত্য জগতের প্রবাদ প্রতিম ব্যক্তিত্ব মিথিলেশ ভট্টাচার্যের জীবনাসবসান/বিভিন্ন সংগঠনের শোক প্রকাশ/

-----------------------------------------------------------------------------------

জুবিন গার্গের মৃত্যুর ঘটনার তদন্তের জন্য সিংগাপুরে যাওয়া আসাম পুলিশের বিশেষ তদন্তকারী গোষ্ঠী আজ ঐ দেশের পুলিশের সংগে আলোচনায় মিলিত হন । এস আই টির প্রধান মুন্নাপ্রসাদ গুপ্তা ও সহকারী তদন্তকারী আধিকারিক তরুন গোয়েল সিংগাপুর পুলিশ থেকে জুবিন গার্গের মৃত্যু সম্পর্কে যাবতীয় তথ্য সংগ্রহ করেন । সিংগাপুর পুলিশের সংগে এস আই টির আধিকারিক দুজন প্রায় ৩ ঘন্টা আলোচনায় মিলিত হোয়ার পর পুলিশ এস আই টিকে সম্পূর্ন সহযোগীতা প্রদানের আশ্বাস প্রদান করেন । তিন মাসের মধ্যে সিংগাপুর পুলিশ তদন্তের প্রতিবেদন দাখিল করবে বলে জানিয়েছে ।আসামের দুজন পুলিশ আধিকারিক ইতিমধ্যে জুবিন গার্গ যে হোটেলে ছিলেন সেই হোটেল সহ দূর্ঘটনাস্থলটি পরিদর্শন করেছেন ।

এদিকে শিল্পী সমাজের হয়ে পুলিশকে এজাহার দাখিল করা কণ্ঠশিল্পী গীতালী দেবীর সাক্ষ্য আজ এস আই টি গ্রহণ করে । জুবিন গার্গকে সিংগাপুরে নিয়ে যাওয়া  সকলই দোষী বলে শিল্পী মন্তব্য করেন ।

---

জুবিন গার্গের মৃত্যুর ঘটনায় অভিযুক্ত ৫ জনকে  বাক্সা জেলার কারাগারে নিয়ে যাওয়ার সময় সংগঠিত অপ্রীতিকর ঘটনার খোজ নেওয়ার জন্য আজ মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা স্থানীয় গ্রামবাসীর সংগে মত বিনিময় করেন । জেলাটির কুয়েরী লক্ষ্মী মন্দিরে আয়োজিত এক প্রকাশ্য সভায় অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী গত ১৫ ই অক্টোবর জেলা কারাগারের সম্মুখে সংগঠিত ঘটনায় আহত দুজন লোকের চিকিৎসার জন্য ২ লক্ষ টাকা করে চেক প্রদান করেন । প্রয়োজনে দুজনের উন্নত চিকিৎসার জন্য সরকার ব্যবস্থা গ্রহণ করবে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন  । ঐদিনের ঘটনার পর গ্রামের বহু যুবক  ঘর ছেড়ে বাইরে রয়েছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ঐ যুবকদের ঘরে ফিরে এসে পুলিশকে সহযোগীতা করতে আহ্বান জানান । কুয়েরীতে থাকা লক্ষ্মী মন্দির ও শিব মন্দিরের জন্য ১০ লক্ষ টাকা করে অনুদান প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী আজ ঘোষনা করেন । পরে সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় মুখ্যমন্ত্রী গত ১৫ অক্টোবরের ঘটনাকে দূর্ভাগ্যজনক আখ্যা দেওয়া সহ জুবিন গার্গকে ন্যায় প্রদান  লরার ক্ষেত্রে সরকার অগ্রাধিকার দিচ্ছে বলে জানান ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬ শে অক্টোবর আকাশবানীর মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সংগে মত বিনিময় করবেন । এটি হবে মন কি বাতের ১২৭ তম পর্ব । জনসাধারণ ১৮০০-১১-৭৮০০ নম্বরে ফোন করে এই পর্বের জন্য পরামর্শ প্রদান করতে পারবেন । এছাড়া জনসাধারণ নরেন্দ্র মোদী এ্যাপ ও মাই গভ ওপেন ফোরামের মাধ্যমে ও মতামত ও পরামর্শ জানাতে পারবে । আগামী ২৪ শে অক্টোবর পর্যন্ত পরামর্শগুলি পাঠানো যাবে ।

---

মিজোরামের উত্তর-পশ্চিম সীমান্ত এলাকার মামিত জেলার ডাম্পা বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা করার প্রক্রিয়া আজ বিকেল তিনটায় শেষ হয়েছে । মিজোরাম রাজ্য নির্বাচন কমিশনের আধিকারিক সূত্রে জানানো হয়েছে যে ডাম্পা বিধানসভা আসনের উপ-নির্বাচনে মোট পাঁচ জন প্রার্থী মনোনয়ন পত্র জমা করেছেন । মনোনয়ন পত্রগুলি আগামীকাল পরীক্ষা করা হবে এবং মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন আগামী শুক্রবার ধার্য্য করা হয়েছে । ডাম্পা আসনের উপ-

নির্বাচনে শাসক জোরাম পিপলস মুভমেন্ট সহ বিজেপি , কংগ্রেস , মিজো ন্যাশনেল ফ্রন্ট এবং পিপলস কনফারেন্স পার্টির প্রার্থীরা প্রতিদ্বন্দিতায় রয়েছেন । ডাম্পা আসনে মোট ভোটার রয়েছেন ২০ হাজার ৭শ ৯০ জন । এরমধ্যে ১০ হাজার ৬শ ৫ জন পুরুষ এবং ১০ হাজার একশ ৮৫ জন মহিলা ভোটার রয়েছেন । আগামী ১১ই নভেম্বর এই আসনে ভোট গ্রহন করা হবে । উল্লেখ্য ডাম্পা আসনের মিজো ন্যাশনেল ফ্রন্টের বিধায়ক লালরিন লুয়াংগার চলতি বছরের ২১শে জুলাই মৃত্যু হওয়ার পরিপ্রেক্ষিতে এই উপ-নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------------

কাহিলীপাড়ার দশম আসাম পুলিশের ছাউনীতে আজ পুলিশ স্মৃতি দিবস উদযাপন করা হয়েছে । এই দিবস উপলক্ষে দেশের জন্যে প্রাণ আহুতি দেওয়া পুলিশদের শ্রদ্ধাঞ্জলি জানানো হয় । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য শহিদদের শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেছেন । আসাম পুলিশের সঞ্চালক প্রধান হরমীত সিং সহ পুলিশের উচ্চপদস্থ আধিকারিকরাও শ্রদ্ধাঞ্জলি জানান । এই দিবস উপলক্ষে আকর্ষণীয় প্যারেড অনুষ্ঠিত হয় । পুলিশ স্মৃতি দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আসাম পুলিশকে অভিবাদন জানিয়েছেন । দেশকে রক্ষা করার জন্য পুলিশের আত্মত্যাগকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করার বিষয়েও মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যম যোগে আহ্বান জানিয়েছেন । তিনি বলেন যে- পুলিশের নিরন্তর সেবাই জনসাধারণকে সুরক্ষা এবং নিরাপত্তা প্রদান করে আসছে ।

এই দিবস উপলক্ষে কাছাড় পুলিশ শহীদ পুলিশদের উদ্দেশ্যে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছে । জাতির সেবায় পুলিশের ত্যাগ এবং বীরত্বের স্মৃতিতে আজ কাছাড় পুলিশের কার্যালয়ে এক ভাবগম্ভীর অনুষ্ঠানের আয়োজন করা হয় । এছাড়া শহীদ বেদীতে পুষ্পার্ঘ অর্পণ এবং প্যারেড অনুষ্ঠিত হয়েছে । কাছাড় জেলার পুলিশ সুপার নোমাল মাহাত্তো সহ জেলার অন্যান্য পুলিশ আধিকারিক এবং কর্মচারীরা শহীদ সহকর্মীদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে দেশ তথা জাতির সেবায় তাদের অবদানের কথা স্মরণ করেন ।

-----------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলের অধীন রেলওয়ে সুরক্ষা বাহিনীর উদ্যোগে আজ মালিগাও রির্জাভ লাইনে পুলিশ স্মারক দিবস-২০২৫ বিভিন্ন কার্য্যসূচীর মাধ্যমে পালন হয় । আজকের পুলিশ স্মারক দিবসে নাগরিকদের জীবন ও সম্পত্তি রক্ষা করার সময় কর্তব্য পালনকালে সর্বোচ্চ বলিদানকারী আর পি এফ সহ সাহসী পুলিশ কর্মীদের সম্মান ও শ্রদ্ধা জানানো হয়েছে । উল্লেখ্য প্রতি বছর ২১শে অক্টোবর দিনটি দেশজুড়ে পুলিশ সামরিক দিবস পালন করা হয়ে থাকে ।

-----------------------------------------------------------------------------------

আসাম সরকার রাজ্যের সর্বোচ্চ অসামরিক সম্মান- আসাম বৈভব, আসাম সৌরভ এবং আসাম গৌরবের জন্য মনোনয়ন পত্র আহ্বান করেছেন । বিভিন্ন ক্ষেত্রে অনবদ্য অবদানের স্বীকৃতি স্বরূপ এই সম্মান প্রদান করা হয় । কোনো ব্যক্তি নিজেকে বা অন্য কোনো ব্যক্তিকেও এই সম্মানের জন্য মনোনীত করতে পারবেন । assamcivilianawards.assam.gov.in এই পোর্টালের মাধ্যমে লাভ করা মনোনয়ন সমূহকেই শুধুমাত্র বৈধ বলে বিবেচনা করা হবে । এই মনোনয়ন দাখিলের অন্তিম দিন আগামী বিশে নভেম্বর ধার্য করা হয়েছে । এই সম্মান লাভ করা ব্যক্তিরা নগদ অর্থ, সরকারী এবং তালিকাভুক্ত হাসপাতালগুলিতে পাঁচলক্ষ টাকা পর্যন্ত বিনামূল্য চিকিৎসার সুবিধা, সরকারী আবর্ত ভবন, অতিথিশালা এবং আসাম ভবনে বিনামূল্যে থাকা-খাওয়ার ব্যবস্থা সহ বেশকিছু সুবিধা লাভ করবেন।

-----------------------------------------------------------------------------------

দীপাবলীর রাতে গতকাল শ্রীভূমি শহরের দুটি স্থানে ভয়াবহ অগ্নিকান্ড সংঘটিত হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে- শহরের লঙ্গাই রোড এবং বনমালী রোডে দুটি পৃথক অগ্নিকান্ডে বাড়ি-ঘর, গৃহসামগ্রী এবং বেশকিছু নথিপত্র পুড়ে ছাই হয়ে গেছে । শ্রীভূমি শহরের লঙ্গাই রোডে লন্ডনি বাড়ি হিসেবে পরিচিত একটি বাড়িতে হঠাৎ করে আগুন লেগে যায় । প্রায় দুঘন্টা চেষ্টার পর দমকল বাহিনী আগুন আয়ত্তে আনতে সক্ষম হয় । তবে এর আগেই বিস্তর ক্ষয়ক্ষতি হয়ে গেছে বলে জানা গেছে । আগুনের উৎস জানা না গেলেও পটকা, আতসবাজি উড়ে এসে পড়ার থেকেও এই অগ্নিকান্ডের সূত্রপাত হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে । এদিকে বনমালী রোডে সংঘটিত অপর অগ্নিকান্ডে বাড়ি-ঘরের সামগ্রী সহ বেশকিছু কাগজপত্র ভস্মীভূত হয়েছে । এই দুটি ঘটনায় ক্ষয়ক্ষতির পরিমাণ লক্ষাধিক টাকা হবে বলে অনুমান করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

দীপাবলীর রাতে সংঘটিত এক সড়ক দুর্ঘটনায় উধারবন্দের ঠালিগ্রাম এলাকার এক যুবকের মৃত্যু হয়েছে । গতকাল গভীর রাতে বাড়ি ফিরে যাওয়ার সময় ২৮ বছর বয়সের এই যুবক উধারবন্দ সার্কেল অফিসের সামনে আচমকা নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের একটি খুটিতে ধাক্কা মারে । এবং ঘটনাস্থলেই তার মৃত্যু হয় । দুর্ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে উধারবন্দ পুলিশ ঘটনাস্থলে গিয়ে মৃতদেহ উদ্ধার করে মরণোত্তর পরীক্ষার জন্য শিলচর মেডিকেল কলেজে পাঠিয়ে দেয় । যুবকটির মৃত্যুতে ওই এলাকায় শোকের ছায়া নেমেন এসেছে ।

-----------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার সাহিত্য জগতের প্রবাদ প্রতিম ব্যক্তিত্ব মিথিলেশ ভট্টাচার্য গতকাল রাত ১১টা ৪৫ মিনিটে শিলচরের কল্যাণী হাসপাতালে শেষনিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৭৯ বছর । তাঁর মৃত্যুর সঙ্গে সঙ্গে বরাক উপত্যকার গদ্যসাহিত্যের জগতের এই উজ্জ্বল যুগের অবসান হয়েছে । অবিভক্ত ভারতের সিলেট জেলার মৌলভীবাজার মহকুমার অন্তর্গত চুয়াল্লিশ পরগণার দক্ষিণ বিনোষনা গ্রামে ১৯৪৬ সালের ২৩শে ফেব্রুয়ারি তাঁর জন্ম । অর্থনীতিতে স্নাতক ডিগ্রি নিয়ে তিনি ইউকো ব্যাংকে কাজে যোগ দেন । মাত্র একুশ বছর বয়সে তাঁর সাহিত্য জগতের যাত্রা শুরু হয় । তাঁর প্রথম গল্প- 'এখন সাগর', শারদীয় দৈনিক প্রান্তজ্যোতিতে প্রকাশিত হয় । প্রায় পঞ্চাশ বছরেরও বেশি সময় ধরে তিনি আসাম, ত্রিপুরা, পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের বিভিন্ন ম্যাগাজিনে লেখালেখি করেছেন । তাঁর নিজস্ব গল্পগ্রন্থের মধ্যে রয়েছে- কক্ষপথ, চৈত্রপবনে, আত্মকথা, স্বপ্নপূরণ ইত্যাদি । সত্তর এবং আশির দশকে তিনি 'ডাউক' নামের ছোট পত্রিকার সম্পাদনা করা ছাড়াও 'শতক্রতু' নামের সাহিত্য পত্রিকার সহযোগী সম্পাদক হিসেবেও কাজ করেছেন ।

তাঁর মৃত্যুতে বরাক উপত্যকা সহ বাংলা সাহিত্যের বৃহত্তর ভুবনের অনেক সাহিত্যকর্মী ও সংগঠন গভীর শোক প্রকাশ করেছেন । বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির সভাপতি সঞ্জীব দেবলস্কর তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করে বলেছেন যে- তাঁর প্রিয় কবি জীবনানন্দ দাসের পংক্তি প্রায় সময়েই তাঁর লেখায় ঘুরে ফিরে আসতো । এবং জীবনানন্দের প্রয়াণ দিবসের দুদিন আগে তিনিও না ফেরা দেশে চলে গেলেন । বরাকের কথাসাহিত্যকে তিনি ধরে রেখেছিলেন বলেও শ্রী দেবলস্কর মন্তব্য করেছেন । শিলচর টিচার্স ট্রেনিং কলেজের প্রাক্তন অধ্যক্ষ অধ্যাপক দিলীপ কুমার দে বলেছেন যে- এই উপত্যকা বাংলা গল্পলেখকদের অন্যতম এক উজ্জ্বল নক্ষত্রকে হারালো ।

নিখিল ভারত বঙ্গ সাহিত্য সম্মেলনের শিলচর শাখা মিথিলেশ ভট্টাচার্যের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে এক প্রেস বিজ্ঞপ্তিতে বলেছে যে- তিনি বরাক উপত্যকার অন্যতম বিশিষ্ট গল্পকার ছিলেন । বরাকের সাহিত্যে জগতে তাঁর অবদান অমূল্য এবং স্মরণীয় বলে উল্লেখ করে সংগঠনটির শিলচর শাখার সভাপতি অতীন দাস এবং সাধারণ সম্পাদক শতদল আচার্য তাঁর মৃত্যুতে এই অঞ্চলের সাহিত্য জগতের অপূরণীয় ক্ষতি হয়েছে বলে মন্তব্য করেছেন ।

---